দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 21 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# বাঁশখালীতে সৃজনশীল প্রশ্নের নামে আপত্তিকর প্রশ্ন, তোলপাড়

**নিজস্ব সংবাদদাতা, বাঁশখালী, ২০ জুলাই ॥** দক্ষিণ চট্টগ্রামের বাঁশখালীসহ প্রতিটি উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর অর্ধ বার্ষিক পরীক্ষায় 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (সৃজনশীল)' প্রশ্নপত্রে কয়লা বিদ্যুত প্রকল্পকে ঘিরে একটি প্রশ্ন ছাপানো হয়েছে। প্রশ্নপত্রে কয়লা বিদ্যুত প্রকল্প বিরোধী আন্দোলনের নেতা সাবেক ইউপি চেয়ারম্যান বিএনপি নেতা লেয়াকত আলীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে তুলনা করা হয়েছে। এ ঘটনায় পুরো বাঁশখালীসহ দক্ষিণ চট্টগ্রামে তোলপাড় সৃষ্টি হওয়ার পাশাপাশি সমালোচনার ঝড় বইছে। ঘটনায় জড়িত বাঁশখালী শীলকূপ বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের শিক্ষক দুকুল বড়ুয়া এবং বাঁশখালী উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও কালীপুর নাছেরা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাহেরুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) হাবিবুর রহমান ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে আরা বেগমের নেতৃত্বে গঠিত জেলা প্রশাসনের তদন্ত টিম বাঁশখালী পরিদর্শন করে। এলাকাবাসী ও বিভিন্ন শ্রেণী পেশার মানুষের সঙ্গে আলোচনার পর সন্ধ্যায় দুই শিক্ষকের মুখোমুখি হন তারা। রাতে দুই শিক্ষককে পুলিশের কাছে হস্তান্তর করা হয়। বাঁশখালী থানার ওসি আলমগীর হোসেন জানান, প্রশ্নপত্রে বঙ্গবন্ধুর সঙ্গে বিএনপি নেতা ও কয়লা প্রকল্প বিরোধী আন্দোলনের নেতা লেয়াকত আলীকে তুলনা করায় অভিযুক্ত শিক্ষক ও শিক্ষক সমিতির সভাপতিকে আটক করা হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে বুধবার তাদের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু হওয়ার কথা রয়েছে। বাঁশখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হাবিবুল হাছান জানান, নবম শ্রেণীর "বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (সৃজনশীল)" প্রশ্নপত্রে বঙ্গবন্ধু ও কয়লা বিদ্যুত প্রকল্পকে সম্পৃক্ত করে প্রশ্ন করায় এলাকায় উত্তেজনা দেখা দিলে আমি বিষয়টি উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করি। এই ঘটনায় তদন্ত টিম গঠন করা হয়েছে। কিভাবে প্রশ্নপত্রে এ ধরনের ভ্রান্ত বিষয় চলে এসেছে.তা তদন্ত করে বের করা হবে। সুশীল সমাজের প্রতিনিধিরা জানান, বিদ্যালয়ের এমন বিভ্রান্তিমূলক প্রশ্নপত্র যারা প্রণয়ন করেছে তাদের আইনের আওতায় নিয়ে আসা প্রয়োজন। নতুবা শিক্ষার্থীদের মধ্যে সঠিক ইতিহাস তুলে ধরা সম্ভব হবে না। প্রশ্নপত্রে দেখা যায়, নবম শ্রেণীর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (সৃজনশীল) পরীক্ষার প্রশ্নপত্রে ৪নং প্রশ্নে উল্লেখ করা হয়েছে- "কয়লা বিদ্যুত কেন্দ্র স্থাপনকে কেন্দ্র করে গন্ডামারা গ্রাম আজ লন্ডভন্ড অবস্থা। যেদিকে তাকাই শুধু ধ্বংসযজ্ঞ। চেয়ারম্যান জনাব "খচ এ অবস্থা দেখে খুবই মর্মাহত হন। তিনি এ অবস্থা দেখে তার গ্রামবাসীকে রক্ষা করেন। অল্প সময়ের মধ্যে গ্রামবাসী ঘুরে দাঁড়াতে চেষ্টা করে এবং সফলকাম হয়। সকলে এক বাক্যে স্বীকার করে যে, জনাব "খচ-এর জন্যই এটা সম্ভব হয়েছে। "খচ বলতে এখানে গন্ডামারার সাবেক চেয়ারম্যান কয়লা প্রকল্প বিরোধী আন্দোলনের নেতা লেয়াকত আলীকে বুঝানো হয়েছে। (ক) কবে এবং কে বাংলার গণপরিষদ নামক একটি আদেশ জারি করেন? (খ) মুক্তিযুদ্ধে বাংলাদেশের নারীদের ভূমিকা ব্যাখ্যা কর।

## শিক্ষক সমিতির সভাপতি ও প্রশ্ন নির্মাতা শিক্ষক গ্রেফতার